নিচের প্রশ্ন গুলির যথাযথ উত্তর দাও 5X2=10

১. "কিন্তু অঙ্কের সেই বিভীষিকা মন থেকে গেল না।"-অঙ্কের কোন্ বিভীষিকার কথা বলা হয়েছে এখানে? সেই বিভীষিকা মন থেকে কখন, কীভাবে গেল না?

২. "আমি চমকে উঠলুম।"-কে, কী কারণে কোথায় চমকে ওঠেন? চমকে ওঠার পরের ঘটনাটি সংক্ষেপে লেখো।

সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো। 1X5=5

৩. 'দাম' গল্পের গল্পকার তার গল্পের জন্য দক্ষিণা কত পেয়েছিলেন?

A. এগারো টাকা B. দশ টাকা C. কুড়ি টাকা D. একান্ন টাকা

৪. "আশ্চর্য ওই গলার স্বর।"- বক্তা কী শুনে এমন বলেছেন?

A. নাটকের অভিনয় B. রবীন্দ্রসংগীত C. নিজের নাম D. শেলির কবিতা

৫. 'দাম' গল্পে অঙ্কের মাস্টারমশাই পকেট থেকে কী বের করলেন?

A. শতচ্ছিন্ন একটি সংবাদপত্র B. শতচ্ছিন্ন একটি নোটবই

C. শতচ্ছিন্ন এক জীর্ণ পত্রিকা D. একটি পুরানো রুমাল

৬. "কেউ তাঁদের বিশেষ পাত্তা দেননি"-'কেউ' বলতে কী বোঝো?

A. সাহিত্যের ইন্দ্র, মিত্র, বরুণ B. সাহিত্যের বরুণ, অরুণ, চন্দ্র

C. সাহিত্যের ইন্দ্র, চন্দ্র, বরুণ, মিত্র D. সাহিত্যের ইন্দ্র, চন্দ্র, মিত্র, বরুণ

৭. "সেই সঙ্গে সদুপদেশও একটু বর্ষণ করেছিলুম।"-'সদুপদেশ'-এর সন্ধি বিচ্ছেদ হবে -

A. সদু + পদেশ B. সদ + উপদেশ C. সৎ+ উপদেশ D. সদুপ + দেশ